



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি প্রফুল্ল চন্দ্র (পি.সি.) কলেজ, বাগেরহাট

Phone : 024777-52920
Email-pccollege1918@gmail.com,
pccollegepr@yahoo.com
EiIN-114830
Website: www.govtpccollege.edu.bd

স্মারক নং-সপিসিক/ও-১/২০২৬/ ৩১

তারিখ : ১৩/০৫/২০২৬ খ্রি.


জরুরী বিজ্ঞপ্তি:

ক্লাস ও পরীক্ষা সংক্রান্ত নির্দেশনা


এতদ্বারা সরকারি প্রফুল্ল চন্দ্র (পি.সি.) কলেজ, বাগেরহাট-এর সকল বিভাগীয় প্রধান, শিক্ষক মণ্ডলী এবং শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ক্লাস ও পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে নিম্নোক্ত জরুরী নির্দেশনা জারি করা হলো:

১. ক্লাস বন্ধ রেখে কোনো প্রকার পরীক্ষা (ইনকোর্স, টেস্ট বা টিউটোরিয়াল) গ্রহণ করা যাবে না। বিভাগসমূহের সকল ইনকোর্স, টেস্ট বা টিউটোরিয়াল পরীক্ষা দুপুর ১২:০০ টার পর থেকে শুরু করতে হবে এবং আবশ্যিকভাবে বিভাগের শিক্ষকগণ উক্ত পরীক্ষাসমূহের দায়িত্ব পালন করবেন।
২. সকল বর্ষের শিক্ষার্থীদের ক্লাসে ন্যূনতম ৭৫% উপস্থিতি বাধ্যতামূলক। অন্যথায় আসন্ন কোনো পাবলিক বা অভ্যন্তরীণ পরীক্ষায় অংশগ্রহণের ফরম পূরণ করতে দেওয়া হবে না।
৩. কলেজ সংক্রান্ত যাবতীয় আর্থিক লেনদেন ও ফি প্রদান কঠোরভাবে কলেজের নিজস্ব ই-পেমেন্ট প্রোটাল ব্যবহার করে সম্পন্ন করতে হবে। কোনো প্রকার নগদ লেনদেন গ্রহণযোগ্য নয়।
৪. ক্লাস চলাকালীন সময়ে কলেজ ক্যাম্পাসে মোবাইল ফোনের যত্রতত্র ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ এবং উচ্চ মাধ্যমিক শিক্ষার্থীদের বাধ্যতামূলকভাবে কলেজের নিজস্ব পোশাক/ইউনিফর্ম পরিধান করতে হবে এবং সকল শিক্ষার্থীকে কলেজে অবস্থানকালে পরিচয়পত্র বহন করতে হবে।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।


১৩/৫/২৬
(প্রফেসর মো: জাহাঙ্গীর আলী)
আইডি নং-৪৪৭৬
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

সরকারি প্রফুল্ল চন্দ্র (পি.সি.) কলেজ, বাগেরহাট


১৩-৫-২৬